উপজেলা ~~ভিজিডি~~ কমিটির সভার কার্যবিবরণী ঃ
ভিডব্লিউবি

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব শাকিলা বিনতে মতিন<br>উপজেলা নির্বাহী অফিসার<br>মির্জাপুর, টাংগাইল। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, মির্জাপুর, টাংগাইল। |
| তারিখ ও সময় | ঃ ২৭ জুলাই, ২০২৩ ও সকাল ১১.৩০ ঘটিকা। |
| সভায় উপস্থিতি | ঃ পরিশিষ্ট "ক" |

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত মির্জাপুর উপজেলা ভিডব্লিউবি কমিটির উপদেষ্ট ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর সহ কমিটির সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্ব সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

১.১ আলোচনা ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মির্জাপুর উপজেলার ১৪ টি ইউনিয়নের ১৭৭২ জন উপকারভোগী রয়েছে। তিনি সভায় আরও জানান যে, নির্বাচিত উপকারভোগীদের জুলাই/২০২৩ মাস হতে খাদ্য পাওয়ার কথা থাকলেও মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা হতে খাদ্য বরাদ্দ সংক্রান্ত পত্র না পাওয়ার দরুণ জুলাই/২০২৩ মাসের ডি. ও. জারী করা সম্ভব হয় নাই। বরাদ্দ পাওয়ার পর ডি. ও. জারী করা হবে।

সিদ্ধান্ত ঃ

১.১। ভিডব্লিউবি উপকারভোগী নিজেই নিজের সঞ্চয়ী হিসাবে প্রতিমাসে গড়ে ২২০/- (দুইশত বিশ) টাকা হারে অর্থ জমা হয় এরকম অর্থ জমা করবেন এবং জমা রশিদ নিজের কাছে সংরক্ষণ করবেন। সংশ্লিষ্ট মাসের খাদ্য গ্রহণের সময় উপকাভোগী সঞ্চয় জমার রশিদ দেখিয়ে খাদ্য গ্রহণ করবেন এবং চক্র শেষ হওয়ার পর সঞ্চয়ের অর্থ উত্তোলন করতে পারবেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১.২। ইউনিয়ন পরিষদের যে কোন ব্যক্তি উপকারভোগীর নিকট হতে সঞ্চয়ের অর্থ বাবদ কোন নগদ অর্থ গ্রহণ করতে পারবেন না মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১.৩। উপকারভোগীর ভিডব্লিউবি কার্ডে খাদ্যের পরিমাণ ও সঞ্চয়ের পরিমাণ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান/ইউপি সচিব স্বাক্ষর দিয়ে নিশ্চিত করবেন।

১.৪। ভিজিডি খাদ্য বরাদ্দের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা যোগাযোগের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়ন ঃ

১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল।
২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মির্জাপুর, টাঙ্গাইল।

সভাপতি সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, নীতিমালা অনুযায়ী উপকারভোগীদের মধ্যে খাদ্য বিতরণ, প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও মনিটরিং জোরদার করার জন্য পরামর্শ দেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃতীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে বাস্তবায়নের আহবান জানান এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/৭/২৩

শাকিলা বিনতে মতিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা ভিডব্লিউবি কমিটি
মির্জাপুর, টাংগাইল।

পত্র নং ঃ ৩২.০১.৯৩৬৬.০০৮.২০.০২৮.১৬(অংশ-০৩). ১৬৪ তারিখঃ ২৭/০৭/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. জেলা প্রশাসক, টাংগাইল।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাংগাইল।
৩. উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাংগাইল।
৪. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাংগাইল ।
৫. ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মির্জাপুর, টাংগাইল।
৬. উপজেলা ..................................................... কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইল।
৭. চেয়ারম্যান, ............................................. ইউনিয়ন পরিষদ (সকল), মির্জাপুর, টাংগাইল।
৮. জনাব ..............................................................................., মির্জাপুর, টাংগাইল।
৯. অফিস নথি।

Sharmin
30-07-2023
(শারমিন সিদ্দিকা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা ভিডব্লিউবি কমিটি
মির্জাপুর, টাংগাইল।